



ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি

রাউতাইল, ঝিনাইদহ

ফোনঃ ০৪৫১-৬২৬০৫ (Office), ০৪৫১-৬২২৪৫ (PABX)

ফ্যাক্সঃ ০৪৫১-৬২৬১৫, ই-মেইলঃ jhenaidah_pbs@yahoo.com



স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০২.২১.২২.২১১৭

তারিখঃ ২৪ বৈশাখ' ১৪২৯ বঙ্গাব্দ

০৭ মে' ২০২২ খ্রিঃ

“রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি”

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরের জন্য রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২) প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।
- ০৩) সমিতির আওতাভুক্ত থানা/এলাকায় সরকারী ডাক্তার হিসাবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবলমাত্র তাদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৪) রিটেইনার ডাক্তার পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে।
- ০৫) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন কর্তৃক অনুমোদিত নির্ধারিত হারে সর্বোচ্চ ১০,০০০/= (দশ হাজার) টাকা মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে।
- ০৬) একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসাবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৭) চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৮) ০৩ (তিন) বৎসরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার অন্তত পক্ষে ০১ (এক) মাস পূর্বে নতুন করে আবেদন আহ্বান করা হবে এবং সেই সময় যিনি অত্র পদে অধিষ্ঠিত থাকবেন তিনিও পুনরায় আবেদন করতে পারবেন।
- ০৯) সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে অফিসে উপস্থিত থাকতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০) ব্যক্তিগত চেম্বারে সমিতির যে কোন কর্মকর্তা/কর্মচারী উল্লেখিত ০২ (দুই) দিন ব্যতীত সপ্তাহে অন্যান্য দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এজন্য কোন পৃথক ডিজিট বা ফি দেওয়া হবে না।
- ১১) সমিতির কর্মকর্তা/কর্মচারীদেরকে সেবা প্রদানের পাশাপাশি বাপবিবোর মাঠ পর্যায়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকেও সেবা প্রদান করবেন।
- ১২) দুর্ঘটনা বা যে কোন প্রয়োজনে সমিতির ভৌগলিক এলাকাস্থ যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হবে।
- ১৩) উক্ত পদে নিয়োগ প্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে (ক) নিজের নাম (স্পষ্টাক্ষরে), পিতার ও মাতার নাম, (খ) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র, (ঘ) অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত কপি, (ঙ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রের ফটোকপিসমূহ অবশ্যই গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং আগামী ১৪/০৫/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী দপ্তরে পৌঁছাতে হবে।
- ১৪) নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাঃ/-

(মোঃ ইছাহাক আলী)

জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১) নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩) জেলা প্রশাসক/ পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ০৪) সিভিল সার্জন, ঝিনাইদহ।
- ০৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪।
- ০৬) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর/মহেশপুর/শৈলকুপা/কালীগঞ্জ/হরিণাকুন্ডু/কোটচাঁদপুর।
- ০৭) ডিজিএম, মহেশপুর/শৈলকুপা/কালীগঞ্জ/হরিণাকুন্ডু জোনাল অফিস/সদর-কারিগরী, ঝিনাইদহ পবিস।
- ০৮) এজিএম (ওএন্ডএম), কোটচাঁদপুর সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
- ০৯) এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ/এম,এস/আইটি), ঝিনাইদহ পবিস।
- ১০) নোটিশ বোর্ড, ঝিনাইদহ পবিস।
- ১১) অফিস কপি।

(মোঃ ইছাহাক আলী)

জেনারেল ম্যানেজার